



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সোনাইমুড়ি সরকারি কলেজ



সোনাইমুড়ি, নোয়াখালী।  
কলেজ কোড: উচ্চ মাধ্যমিক-৬১০০, স্নাতক (পাস)-৪২০৮, উপবৃত্তি কোড-২৫৯৮৮২৮, EIIN No. 107413  
Phone: 0322751099, Mobile: 01878029100 (Office), 01711452385 (P)  
ই-মেইল: sonaimurcollege@yahoo.com, web: www.sonaimurcollege.edu.bd

সূত্র-

তারিখ: ১৮/০১/২০২৩খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

“করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে চলা জরুরী”

শিক্ষামন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.৬৭.১৪.০০১.২০১৬-২৬৭ তারিখ: ০৭ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দের বিজ্ঞপ্তি মোতাবেক সোনাইমুড়ি সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে যথাসময়ে ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

### ০১। ভর্তির জন্য অনুসরণীয় প্রক্রিয়া:

- ১.১ কম্পিউটার অথবা এ্যাডভান্সড মোবাইল ফোনের মাধ্যমে কলেজের ভর্তি ওয়েবসাইট [admissionsgc.xyz](http://admissionsgc.xyz) লিংকে প্রবেশ করে অনলাইনে ভর্তির ফরম পূরণ করতে হবে। অনলাইনে ফরম পূরণের জন্য Google Chrome ব্রাউজারের আপডেট ভার্সন ব্যবহার করতে হবে। শিক্ষার্থীর এসএসসি'র কাগজপত্রে ব্যবহৃত নিজ নাম, পিতার নাম, মাতার নাম ও অন্যান্য তথ্যাবলী অনুসরণ করে অনলাইনে ফরম পূরণ করতে হবে। অনলাইন ভর্তি ফরমে অফিসিয়াল ছবি ব্যবহার করা বাধ্যতামূলক। ফরম পূরণের পূর্বে প্রয়োজনে ভর্তি ওয়েবসাইটে আপলোডকৃত ভিডিও নির্দেশিকা দেখে নেয়া যাবে।
- ১.২ অনলাইনে পূরণকৃত ফরমটি “লিগ্যাল সাইজ” পেপারে (৮.৫ ইঞ্চি x ১৪ ইঞ্চি) রঙিন প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত ভর্তি ফরমে নির্ধারিত স্থানে শিক্ষার্থী এবং অভিভাবককে স্বাক্ষর করতে হবে। প্রিন্টকৃত ফরমে স্বয়ংক্রিয়ভাবে কলেজ শ্রেণি রোল নং প্রদর্শিত হবে। উক্ত রোল নং ব্যবহার করে UCB ব্যাংক সোনাইমুড়ি শাখায় ভর্তি ফিস বাবদ ২১৫০/- (দুই হাজার একশত পঞ্চাশ টাকা) জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
- ১.৩ ভর্তির নির্দিষ্ট তারিখে শিক্ষার্থী/অভিভাবক/ প্রতিনিধিকে কলেজে উপস্থিত হয়ে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীদের নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র ক্রমানুসারে স্টাপলার করে A4 সাইজ খামে করে জমা দিতে হবে। খামের উপরে শিক্ষার্থীর নাম, কলেজ রোল নং ও শাখা লিখতে হবে।

### প্রয়োজনীয় কাগজপত্র

- ভর্তি ফি জমা রশিদের ফটোকপি-০১ কপি
- অনলাইনে পূরণকৃত আবেদন ফরম (স্বাক্ষরকৃত)
- এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ নম্বরপত্র এবং ফটোকপি-০২ কপি।
- এসএসসি'র মূল প্রশংসাপত্র এবং ফটোকপি-০২ কপি।
- শিক্ষার্থীর অনলাইন জন্মসনদের ফটোকপি -০১ কপি।
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি-০১ সেট।
- কোটার ভর্তির ক্ষেত্রে কোটার প্রমাণপত্রের ফটোকপি-১ সেট।

০২। ভর্তি ফরম ও অন্যান্য কাগজপত্র কলেজে জমা দেয়ার তারিখ: সকাল ১০ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত।

মানবিক শাখা	: ২২/০১/২০২৩ খ্রি. (রবিবার)
ব্যবসায় শিক্ষা শাখা	: ২৩/০১/২০২৩ খ্রি. (সোমবার)
বিজ্ঞান শাখা	: ২৪/০১/২০২৩ খ্রি. (মঙ্গলবার)

অনলাইনে ভর্তি ফরম পূরণের সময়সীমা: ২২/০১/২০২৩ খ্রি. সকাল ১০ টা থেকে ২৪/০১/২০২৩ খ্রি. দুপুর ২ টা পর্যন্ত।

উল্লিখিত সময়সীমার মধ্যে অনলাইনে ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি'সহ কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে তার ভর্তি মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং কলেজ কর্তৃপক্ষ এর দায়ভার বহন করবে না।

বিদ্র: ভর্তি চলাকালীন সময়ে ভর্তিছু শিক্ষার্থী, অভিভাবকগণ প্রতিদিন কলেজের পাবলিক গ্রুপ ও ওয়েবসাইট ভিজিট করে ভর্তি সংক্রান্ত আপডেট নোটিশ দেখে নিতে পারবে।

স্বাক্ষরিত/-  
(এ কে এম শফিকুর রহমান)  
অধ্যক্ষ  
সোনাইমুড়ি সরকারি কলেজ  
সোনাইমুড়ি, নোয়াখালী।

স্বাক্ষরিত/-  
(মো: মোস্তাফিজুর রহমান)  
প্রভাষক, ইংরেজি ও  
আহবায়ক  
একাদশ শ্রেণি ভর্তি কমিটি-২০২৩  
সোনাইমুড়ি সরকারি কলেজ

হেল্প লাইন: মোঃ মোস্তাফিজুর রহমান, আহবায়ক, ভর্তি কমিটি: ০১৭১৮-৩৩৩৬৯৬  
নুরুল হক, সদস্য, ভর্তি কমিটি: ০১৬২৭-৩৪৫৮৩৯  
মফিজুর রহমান, সদস্য, ভর্তি কমিটি: ০১৭২০-৯১৭৮৯৩